# সংবাদ

তারিখ 8 JUN 2013
পৃষ্ঠা ১৬ কলাম ৬

বাজেট নিয়ে শিক্ষামন্ত্রী সন্তুষ্ট

## নন-এমপিও শিক্ষক-কর্মচারী নাখোশ : আন্দোলনের হুমকি

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষাখাতসহ পুরো বাজেট নিয়ে সন্তুষ্টি প্রকাশ করে, শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, ২০১৩-১৪ অর্থবছরে শিক্ষাখাতে যে বরাদ্দ দেয়া হয়েছে সেটা নিয়ে আমার কোন অসন্তোষ নেই। সে বরাদ্দ কাজে লাগানোই হচ্ছে বড় চ্যালেঞ্জ। অন্যদিকে বাজেট-পরবর্তী এক প্রতিক্রিয়ায় শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তি ও জাতীয়করণের বিষয়টি স্পষ্ট না করায় বাজেট নির্বাচনি দায়িত্ব বর্জনের হুমকি দিয়েছেন নন-এমপিও শিক্ষক-কর্মচারীরা। পাশাপাশি তারা শিক্ষাপ্রতিষ্ঠানে অবিরাম ধর্মঘটসহ কঠোর কর্মসূচি দেয়ারও হুমকি দেন।

গতকাল ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) প্রাথমিক শিক্ষা সমাপনী ও জেএসসি পরীক্ষায় উত্তীর্ণদের বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ডিআরইউ ও ঢাকা স্টক এক্সচেঞ্জের সহায়তায় আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিআরইউ সভাপতি মো. শাহেদ চৌধুরী। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- ঢাকা স্টক এক্সচেঞ্জের সভাপতি মো. রকিবুর রহমান, সমকালের

শিক্ষক : পৃষ্ঠা : ২ ক : ৬

### শিক্ষক : কর্মচারী

(১৬ পৃষ্ঠার পর)

নির্বাহী সম্পাদক মোস্তাফিজ শফি, এভারেস্টজয়ী মুসা ইব্রাহিম প্রমুখ।

নন-এমপিও শিক্ষক-কর্মচারীর ঐক্যজোটের সভাপতি এশারত আলী বলেন, আমরা আগেই বলেছিলাম, চলতি বাজেটে এমপিওভুক্তির সুনির্দিষ্ট বরাদ্দ না থাকলে কঠোর আন্দোলনে যেতে বাধ্য হব। যেহেতু বাজেটে নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানসমূহকে এমপিওভুক্ত করার বরাদ্দ না থাকায় আমরা ভীষণ হতাশ হয়েছি। এশারত আলী আরও বলেন, এখন আমাদের পিঠ দেয়ালে ঠেকে গেছে। সংগঠনের পক্ষ থেকে আমরা সিদ্ধান্ত নিয়েছি, এমপিওভুক্ত করা না হলে আমরা আগামী নির্বাচনী দায়িত্ব বর্জন করব। এর পাশাপাশি শিক্ষাপ্রতিষ্ঠানে অবিরাম ধর্মঘটসহ কঠোর কর্মসূচির ঘোষণা করা হবে। নির্বাচনী দায়িত্ব বর্জনের হুমকি দিয়েছে শিক্ষক-কর্মচারী সংগ্রামী ঐক্য পরিষদ। বাজেটে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের চাকরি জাতীয়করণে বরাদ্দ রাখা না হলে তারা এ সিদ্ধান্তে অটল থাকবেন বলে হুমকি দিয়েছেন।

এর আগে বৃহস্পতিবার পেশ করা হয় ২০১৩-১৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট। সামগ্রিক শিক্ষাখাতে এবার ২৫ হাজার ১১৪ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। চলতি বছরের বাজেটে বরাদ্দ ছিল ২১ হাজার ৪০৮ কোটি টাকা। প্রস্তাবিত বাজেটের ১১ দশমিক দুই শতাংশ বরাদ্দ দেয়া হয়েছে শিক্ষাখাতে। চলতি বাজেটে শিক্ষার পরিমাণ ছিল ১১ দশমিক এক শতাংশ। এবারের বাজেটে সামগ্রিক শিক্ষায় বরাদ্দ বৃদ্ধি ছাড়াও শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অনুকূলে বরাদ্দ বেড়েছে। বাজেটে শিক্ষা মন্ত্রণালয়ের অনুকূলে ১৩ হাজার ১৭৯ কোটি ২৩ লাখ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জন্য বরাদ্দ করা হয়েছে ১১ হাজার ৯৩৫ কোটি ৩৭ লাখ টাকা।